# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২১০।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৮.২৬.২৮৭ তারিখঃ ০২ এপ্রিল ২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (নেভাল) শিক্ষাক্রমের ১ম পর্ব (সেশন: ২০২৫-০২), ২য় পর্ব (সেশন: ২০২৫-০১), ৩য় পর্ব (সেশন: ২০২৪-০২), ৪র্থ পর্ব (সেশন: ২০২৩-০২), ৬ষ্ঠ পর্ব (সেশন: ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ ব্যাচ) এবং ৮ম পর্ব (সেশন: ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ ব্যাচ) এর পর্ব সমাপনী পরীক্ষা- ২০২৬ আগামী ০৩ মে ২০২৬ খ্রি. তারিখ রবিবার হতে নেভাল ইনস্টিটিউট অব টেকনোলজি (এনআইটি), কাপ্তাই, রাঙ্গামাটি (৭২০২৩) কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার সময়সূচি ও প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও পাওয়া যাবে।

উক্ত শিক্ষাক্রমের প্রবিধান মোতাবেক ১ম, ২য় ও ৩য় পর্ব সমাপনী পরীক্ষা লিথোবিহীন উত্তরপত্রে গ্রহণ এবং ৪র্থ পর্ব OJT এর ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষা সম্পন্ন করতে হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হলো।

**১. পরীক্ষার ফরম পূরণের নিয়মঃ**

১.১ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) শিক্ষাক্রমের সকল পর্বের ফরম পূরণ অনুচ্ছেদ ৩.১০ এ বর্ণিত তারিখ অনুযায়ী করতে হবে।

১.২ নির্ধারিত ফি-সহ Online -এ পূরণকৃত ফরম ফিলাপের Final List -এ পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত প্রিন্ট-আউট কপি পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে।

১.৩ ফরম পূরণের প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা (অনুচ্ছেদ-৩.৯ অনুযায়ী) এবং Online -এ পূরণকৃত ফরম ফিলাপ এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত), Total Student List এর প্রিন্ট-আউট কপি জমা দিতে হবে। Final List Print করার পর আর কোন Edit করা যাবে না। উল্লেখ্য, ওয়েবসাইট হতে সংগ্রহকৃত প্রিন্ট-আউট কপি/কপির ফটোকপি অবশ্যই প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ বোর্ডে আবেদন করতে হবে।

**২. পরীক্ষার ফি সমূহ নিম্নরূপ:** (১৮৩ তম পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক)

| ক্রমিক | ফি এর খাতসমূহের বিবরণ | | ফি এর পরিমাণ (টাকা) | প্রাপ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | পরীক্ষার ফি | ক) ১ম-৩য় পর্ব | ২৫০.০০ | বোর্ড পাবে |
| | | খ) ৪র্থ -৮ম পর্ব | ৬০০.০০ | বোর্ড পাবে |
| ০২. | কেন্দ্র ফি | | ৭০০.০০ | কেন্দ্র পাবে |
| ০৩. | ব্যবহারিক পরীক্ষার ফি (৪র্থ পর্ব বাদে) | | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ | কেন্দ্র পাবে |
| ০৪. | নম্বরপত্র ফি | ক) ১ম-৩য় পর্ব | ৫০.০০ | কেন্দ্র পাবে |
| | | খ) ৫ম -৮ম পর্ব | ৮০.০০ | বোর্ড পাবে |
| ০৫. | ৪র্থ পর্বের Own Job Training (OJT) ফি | | ৬০০.০০ | অনুঃ ৩.৫ দ্রঃ |
| ০৬. | অকৃতকার্য বিষয়ে পরীক্ষার ফি | | অকৃতকার্য বিষয়ের সংখ্যা × ১২৫.০০ | বোর্ড পাবে |

**৩. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলি:**

৩.১ পরীক্ষার্থীদের ফরম ফিলাপের তথ্য ও ফি এর ডিডি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি গ্রহণ করা হবে না।

৩.২ অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে।

৩.৩ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি এর টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে প্রদান করতঃ তৎপরিবর্তে সংগৃহীত ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফটটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

৩.৪ ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত ৪০/- হতে অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষককে ১৫/-, আভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষককে ১৫/- হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট ১০/- ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে ব্যবহার করা যেতে পারে।

৩.৫ চতুর্থ পর্বের প্রতি পরীক্ষার্থী হতে OJT ফি বাবদ আদায়কৃত অর্থ হতে OJT প্রতিবেদন বই বাবদ ১৫০/- খরচ করে অবশিষ্ট টাকার মধ্যে বোর্ড পাবে ৭০/- ও প্রতিষ্ঠান পাবে ৩৮০/-।

৩.৬ পরীক্ষার কেন্দ্র ফি পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক হিসেবে নির্ধারিত হারে পরিশোধ করতে হবে।

৩.৭ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। এ ক্ষেত্রে নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে।

৩.৮ বোর্ডে প্রেরণের পূর্বে প্রতিটি এন্ট্রিফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথি পত্রের সহিত নির্ভুলভাবে পরীক্ষা করে টেকনোলজি, ব্যাচ ও পর্ব অনুযায়ী শ্রেণী বিন্যাস করে আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রণয়ন করতে হবে। কোন ব্যতিক্রম গ্রহণ যোগ্য নয়।

৩.৯ নিম্নবর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ও ব্যাচ ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে।

| ক্রম. | পরীক্ষার্থীদের নাম | রোল নম্বর | রেজিঃ নম্বর ও সেশন | পর্ব | বিষয় কোড | পরীক্ষার ফি | OJT ফি (৪র্থ পর্বের জন্য) | সংযোগ রক্ষাকারী ফি (যদি থাকে) | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

৩.১০ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| Online -এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার সময়কাল | শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ৩০০/- টাকা (প্রতি পরীক্ষার্থী) বিলম্ব ফি সহ ফরম ফিলাপ করার সময়সীমা ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট আউট কপি বোর্ডে জমা / গ্রহণের সময়সীমা | বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ | প্রবেশপত্র সংশোধনের জন্য তথ্যসহ আবেদন সংশ্লিষ্ট শাখায় জমা | সংশোধিত প্রবেশপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০৫ - ০৭ এপ্রিল ২০২৬ | ১২ এপ্রিল ২০২৬ | ১৩ এপ্রিল ২০২৬ | ১৫ এপ্রিল ২০২৬ | ১৬ এপ্রিল ২০২৬ | ১৯ এপ্রিল ২০২৬ | ২০ এপ্রিল ২০২৬ |

৩.১১ পরীক্ষার এন্ট্রিফরম ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট প্রতিষ্ঠানের একজন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.১২ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপপরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

## ৪. অন্যান্য শর্তাবলীঃ

৪.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি-সমূহের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও এন্ট্রিফরমসমূহ ৩.৯ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর (চিঠিতে) মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করা বর্জনীয়) ।

৪.২ নির্ধারিত সময়সীমার মধ্যে এন্ট্রিফরম পূরণ করে ফি-সমূহের অর্থ ৩.১০ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক এন্ট্রিফরম পূরণের সময় এই বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করতে হবে।

৪.৪ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে এবং পরবর্তী পরীক্ষার উত্তরপত্র গ্রহণের সময় পূর্বের উত্তরপত্র সমন্বয় করে উত্তরপত্র গ্রহণ করতে হবে। উত্তরপত্র গ্রহণের জন্য চাহিদা ফরম ১ ও ২ ব্যবহার করতে হবে।

৪.৫ নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে এবং সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

০২/০৪/২৬

(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৮.২৬.২৮৭(১২)

তারিখঃ ০২ এপ্রিল ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১. পরিচালক, নৌ প্রশিক্ষণ পরিদপ্তর, পার্সোনেল শাখা, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা। ঢাকা। [dnt@navy.mil.bd]
২. পরিচালক, নৌ শিক্ষা পরিদপ্তর, পার্সোনেল শাখা, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা। [dnes@navy.mil.bd]
৩. সচিব/পরিদর্শক/পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা। [dcrangamati@mopa.gov.bd]
৫. অধ্যক্ষ, নৌবাহিনীর প্রশিক্ষণ ঘাঁটি বানৌজা শহীদ মোয়াজ্জম, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা। [smnit@navy.gov.bd]
৬. উপপরীক্ষা নিয়ন্ত্রক- গোপনীয়/সনদ/বিএম/ভোক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপসচিব (রেজিঃ)/উপসচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্ট কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

02/04/2026

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপপরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৫৫০০৬৫৩১